## উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ৩০/০৯/২০২১খ্রিঃ। সভার সময় ঃ দুপুর- ১২.৪৫ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়কে অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ আরম্ভ হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান বিষ্ণুপুর ইউপি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেরামত/সংস্কার ও ওয়াসব্লক নির্মাণ করা প্রয়োজন। আমার জানা মতে উপজেলার বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামে মেরামতের অভাবে শিক্ষার্থী বিভিন্ন ঝুকির মধ্যে শ্রেণী কক্ষে শিক্ষা গ্রহণ করছেন। ই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেরামত/সংস্কার ও ওয়াসব্লক নির্মাণ করার বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি<br>ও<br>সদস্য সচিব<br>স্ট্যান্ডিং কমিটি |
| ০২। | চেয়ারম্যান দামোদরপুর ইউপি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা বিভিন্ন ইউনিয়ন প্রাণি সম্পদ কেন্দ্র মেরামত ও সংস্কার করা প্রয়োজন। আমার জানা মতে উপজেলার বেশ ইউনিয়ন প্রাণি সম্পদ সেবা পয়েন্টের অবকাঠামে মেরামতের অভাবে প্রানি সম্পদ অফিসের আইএমি টেকনিশিয়ানরা ইউনিয়ন প্রানির সাভাবিক ভাবে চিকিৎসা করতে পারছেনা। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন ইউনিয়ন প্রাণি সম্পদ কেন্দ্র মেরামত ও সংস্কার করার বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি<br>ও<br>সদস্য সচিব<br>স্ট্যান্ডিং কমিটি |
| ০৩। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা বিভিন্ন রাস্তায় নিরাপত্তা ছাউনি নির্মাণ করা জরুরী। কারণ উপজেলা বিভিন্ন নির্জন রাস্তায় বিভিন্ন অপরাধ মূলক কার্যক্রম হচ্ছে। এই অপরাধ বন্ধের জন্য রাস্তায় নিরাপত্তা ছাউনি নির্মাণ করা প্রয়োজন। সভাপতি সভায় বলেন,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে অর্থবা উপজেলা পরিষদের বিভিন্ন বরাদ্দ হতে ব্যবস্থা/প্রকল্প গ্রহণ করা হবে। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বিভিন্ন রাস্তায় নিরাপত্তা ছাউনি নির্মাণ করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | সভাপতি<br>ও<br>সদস্য সচিব<br>স্ট্যান্ডিং কমিটি |
| ০৪। | চেয়ারম্যান লোহানীপাড়া ইউপি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার করা প্রয়োজন। আমার জানা মতে উপজেলার বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামে মেরামতের অভাবে শিক্ষার্থী বিভিন্ন ঝুকির মধ্যে শ্রেণী কক্ষে শিক্ষা গ্রহণ করছেন। এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেরামত ও সংস্কার করার বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি<br>ও<br>সদস্য সচিব<br>স্ট্যান্ডিং কমিটি |
| ০৫। | সভাপতি সভায় জানান যে, উপজেলা বিভিন্ন রাস্তা-ঘাট মেরামত, কালভাট নির্মাণ, ইউড্রেন নির্মাণ, পানি নিষ্কাসন ড্রেন নির্মাণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াস ব্লোক নির্মাণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেরামত সহ | উপজেলা বিভিন্ন রাস্তা-ঘাট মেরামত, কালভাট নির্মাণ, ইউড্রেন নির্মাণ, পানি নিষ্কাসন ড্রেন নির্মাণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াস ব্লোক | সভাপতি<br>ও<br>সদস্য সচিব |

| | | | |
|---|---|---|---|
| | বিভিন্ন সমস্যা সমাধানের জন্য আলোচনা করে ব্যবস্তা গ্রহণ করা হবে। এই বিষয়ে সন্মানীত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট আবেদনের মাধ্যমে অবগত করতে হবে এবং পরিষদ সভায় উপস্থাপন করা অতিব প্রয়োজন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | নির্মাণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেরামত সহ বিভিন্ন সমস্যা সমাধান করার জন্য উপজেলা পরিষদ সভায় উপস্থাপন করতে হবে। | স্ট্যান্ডি |
| ০৬। | চেয়ারম্যান কুতুবপুর ইউপি সভায় জানান যে, বদরগঞ্জ উপজেলা বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলোতে নলকুপ ও লেট্রিন স্থাপন করা প্রয়োজন। এই বিষয়ে সুন্দর সমাধানের জন্য অনুরোধ করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | বদরগঞ্জ উপজেলা বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রগুলোতে নলকুপ ও লেট্রিন স্থাপন করার বিষয়ে উপজেলা পরিষদ সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি ও সদস্য সচিব স্ট্যান্ডিং কমিটি |

সভাপতি আগামী সভায় সংশ্লিষ্ট সকল সদস্য কে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন, সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সম্মানীত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৯/২১

(মোঃ তাজুল ইসলাম)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন
বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- এলজিইডি/উঃপ্রঃ/বদর/২০২১- তারিখঃ ৩০/০৯/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য , ২০ রংপুর-২(বদরগঞ্জ-তারাগঞ্জ)।
০২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৭-৮। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
০৯। উপজেলা ...................................অফিসার, বদরগঞ্জ, রংপুর।
১০। চেয়ারম্যান,.......................................................ইউ.পি,(সকল)বদরগঞ্জ, রংপুর।
১১। জনাব ......................................সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
১২। অফিস নথি।

৩০/৯/২১

(মোঃ বাদশা আলমগীর)
উপজেলা প্রকৌশলী এলজিইডি
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন
বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
বদরগঞ্জ, রংপুর।